

তাল--একতালা

(গুরুচাঁদ) মরণকালে দিও শ্রীচরণ ।

আমার রসনাতে অবিরাম, করে যেন তব নাম,
উচ্চৈঃস্বরে উচ্চারণ ॥

১। আজন্ম স্বভাবের দোষে, করলোঁম অসৎ চিন্তা
বদাভ্যাসে গো,

সারা জীবন গেল অকারণ ॥

এখন বিহনে সেই হরির নাম, কি ভীষণ পরিণাম,
শমনের উৎকট উৎপীড়ন ॥

২। কোন সুকৃতি থাকিত যদি, তোমায় স্মরণ রাখতেম
নিরবধি গো,

কখন হ'তেম না বিস্মরণ ।

তোমার হৃদে রেখে চিরকাল, ইহকাল, পরকাল,
আনন্দে করিতাম বিচরণ ॥

৩। বাজবে যখন কালের বিষণ আমার এ দেহ হবে
অবসান গো,

হিয়ার মাঝে রাখিও চরণ ।

তোমার অতুলন রাস্তা পায়, প্রাণ যেন মিশে যায়,
যা'তে হয় যাতনা নিবারণ ॥

৪। যখন অবশ হ'বে দশ ইন্দ্রিয়, তখন ডাকার মত
শক্তি দিও গো,

রসিকের মন করিও হরণ ।

হরি তব দয়া বিনে, গতি নাই ত্রিভুবনে,
অধমের এই নিবেদন ॥

---রসিক বালা